গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
আটপাড়া, নেত্রকোণা।

স্মারক নং : জেপ্রাশিঅ/নেত্র/আট/২০২২/~~১০৩~~ তারিখ : ~~২১/০৩/২০২২~~ খ্রিঃ।

বিষয় : বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নেত্রকোনা মহোদয়ের কার্যালয়ের স্মারক নং : জেপ্রাশিঅ/নেত্র/২০২২/২৬০, তারিখ : ১২/০৪/২০২২ খ্রিঃ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অত্র উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সকল প্রধান শিক্ষকগণের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের ২৮/০৩/২০২২ খ্রিঃ তারিখের আন্তঃ মন্ত্রনালয় সভার কার্যবিবরণীর ১৩ নং ক্রমিকের কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়কে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছে।

১. সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে বাংলা নববর্ষ উদযাপন করতে হবে।
২. ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা'-কে বিশ্বের গুরুত্বপূর্ণ "Intangible Cultural Heritage" এর তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়টি শিক্ষা প্রতিষ্ঠানে গুরুত্ব সহকারে উদযাপন করতে হবে।
৩. বাংলাদেশে শিক্ষা সংস্কৃতির বিষয়টিকে অত্যন্ত সুন্দরভাবে শিক্ষার্থীদের মাঝে উপস্থাপন করতে হবে।

অতএব উল্লিখিত নির্দেশনা অনুযায়ী বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন করার জন্য সকলকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্ত : ১। ডিপিইও, নেত্রকোনা মহোদয়ের পত্র ০১ পৃষ্ঠা।
০২। সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের ২৮/০৩/২০২২ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী ০৩ পৃষ্ঠা।

প্রধান শিক্ষক (সকল)
সরকারী প্রাথমিক বিদ্যালয়
আটপাড়া, নেত্রকোনা।

(শেলিমা আক্তার খাতুন)
উপজেলা শিক্ষা অফিসার
আটপাড়া, নেত্রকোনা।
ueonetatpara@gmail.com

স্মারক নং : জেপ্রাশিঅ/নেত্র/আট/২০২২/~~১০৩~~(০৪) তারিখ : ~~২১/০৩/২০২২~~ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১. বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নেত্রকোনা।
৩. সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), আটপাড়া, নেত্রকোনা, স্ব স্ব ক্লাস্টারের প্রধান শিক্ষকদের তাগিদ প্রদানের মাধ্যমে বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন করার বিষয়টি নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।
৪. অফিস কপি।

(শেলিমা আক্তার খাতুন)
উপজেলা শিক্ষা অফিসার
আটপাড়া, নেত্রকোনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নেত্রকোণা।
dpeonetro@gmail.com

স্মারক নং- জেপ্রাশিঅ/নেত্র/২০২২/২৬০ তারিখ ঃ ১২/০৪/২০২২

বিষয় ঃ বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

সূত্র ঃ ৩৮.০০.০০০০.১০৭.২৩.০১.১৭-৪৭০ তারিখ ১১/০৪/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত- ১২/০৪/২০২২
মোঃ ওবায়দুল্লাহ
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
নেত্রকোণা।

উপজেলা শিক্ষা অফিসার
..................... (সকল)
নেত্রকোণা।

ডকেট নম্বর 20 তারিখঃ 21/04/2022
জনাব সাইফুল ইসলাম, ইউ.ই.ও/ইউ. ডি.ও/
অ/স,/হিঃ সহঃ, নথিতে উপস্থাপন করুন।
21/04/22
উপজেলা শিক্ষা অফিসার
আটপাড়া, নেত্রকোণা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

# বাংলা নববর্ষ-১৪২৯ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কে এম খালিদ, এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২৮ মার্চ ২০২২, বিকাল ০৩.০০টা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং ভার্চুয়াল |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, পহেলা বৈশাখ বাংলা নববর্ষ পালন বাঙালি সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। আবহমান কাল ধরে বাঙালি অধ্যুষিত জনপদে সার্বজনীন ও অসাম্প্রদায়িক এ উৎসবটি পালিত হয়ে আসছে। ১৪১৭ বঙ্গাব্দ থেকে বাংলা নববর্ষ জাতীয়ভাবে উদ্‌যাপন করা হচ্ছে। নানা উৎসব আয়োজনের মধ্য দিয়ে বাংলা নতুন বছরকে বরণ করা হয়। অত:পর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ আবুল মনসুর বলেন যে, বাংলাদেশের সর্বস্তরের মানুষের ঐক্যের প্রতীক সার্বজনীন উৎসব 'বাংলা নববর্ষ। বর্তমান পরিস্থিতি বিবেচনা করে বাংলা নববর্ষ উৎসব উদ্‌যাপনের লক্ষ্যে কর্মসূচি নির্ধারণে তিনি সকলের মতামত আহ্বান করেন। তিনি বাংলা নববর্ষ উপলক্ষ্যে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য যুগ্মসচিব (অনুষ্ঠান) জনাব এ জে এম আব্দুল্লাহেল বাকী-কে অনুরোধ জানান। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব (অনুষ্ঠান) বাংলা নববর্ষ ১৪২৯ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রণীত খসড়া কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে বাংলা নববর্ষ ১৪২৯ উদ্‌যাপনে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়:

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ০১ বৈশাখ ১৪২৯<br>১৪ এপ্রিল ২০২২ | মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাণী প্রদান | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। |
| ২. | ০১ বৈশাখ ১৪২৯ | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান | মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। |
| ৩. | ০১ বৈশাখ ১৪২৯ | ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ গত বছরের ন্যায় পহেলা বৈশাখে 'মঙ্গল শোভাযাত্রা' ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহ উক্ত আয়োজনসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবে। | ঢাকা বিশ্ববিদ্যালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং র‍্যাব। |
| ৪. | ০১ বৈশাখ ১৪২৯ | ছায়ানট রমনা বটমূলে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। রমনা বটমূলের অনুষ্ঠান আয়োজন সম্ভব না হলে বিকল্প হিসেবে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে ছায়ানটের অনুষ্ঠান করা হবে। রমনা বটমূলের অনুষ্ঠান ও মঙ্গল শোভাযাত্রা করা সম্ভব না হলে সেক্ষেত্রে গত বছরের ন্যায় পহেলা বৈশাখের উপর এক ঘণ্টার একটি অনুষ্ঠান ধারণ করে পহেলা বৈশাখ সকালে সকল টিভি চ্যানেলে প্রচারের ব্যবস্থা করতে হবে। | ছায়ানট |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৯. | ০১ বৈশাখ ১৪২৯ | বাংলা একাডেমি এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাংলা একাডেমি প্রাঙ্গনে ১৪ এপ্রিল ২০২২ খ্রি. থেকে ঈদের আগের দিন পর্যন্ত নববর্ষের মেলা, আলোচনা সভা (শিল্পমন্ত্রীর উপস্থিতিতে) ও অন্যান্য অনুষ্ঠানমালা আয়োজন করা হবে। মেলায় জামদানি, বেনারসি এবং টাঙ্গাইলের শাড়িসহ বিভিন্ন ধরণের শাড়ির স্টল থাকবে।<br>সম্ভাব্য ক্ষেত্রে বিভাগীয়/ জেলা পর্যায়ে বিসিক এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব) কর্তৃক স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে মেলার আয়োজন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাংলা একাডেমি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব)। |
| ১০. | ০১ বৈশাখ ১৪২৯ | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন কর্তৃক ফাউন্ডেশন প্রাঙ্গনে ঐতিহ্যবাহী বৈশাখী মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। |
| ১১. | ০১ বৈশাখ ১৪২৯ | সকল কারাগার, হাসপাতাল ও শিশু পরিবারে (এতিমখানা) উন্নতমানের ঐতিহ্যবাহী বাঙালি খাবার এবং ইফতারের আয়োজন।<br>শিশু পরিবারের শিশুদের নিয়ে ঐতিহ্যবাহী বাঙালি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং কারাবন্দিদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন, নাটক প্রদর্শনী এবং কয়েদিদের তৈরি বিভিন্ন দ্রব্যাদির প্রদর্শনীর ব্যবস্থা করা। কারাগারে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও নাটক প্রদর্শনীর বিষয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কারা অধিদপ্তর এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ১২. | ০১ বৈশাখ ১৪২৯ | নববর্ষের অনুষ্ঠান সকল সরকারি/ বেসরকারি টিভি, রেডিওতে, বাণিজ্যিক রেডিও ও কমিউনিটি রেডিওতে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াসমূহ কর্তৃক স্ব-উদ্যোগে বাংলা নববর্ষের উপর বিশেষ অনুষ্ঠানমালা/সম্পাদকীয়/নিবন্ধ ইত্যাদি প্রচারের ব্যবস্থা করবে। প্রয়োজনে এক সপ্তাহ পূর্ব থেকে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার, বেসরকারি টিভি চ্যানেল এবং প্রিন্ট মিডিয়া বাংলা নববর্ষের প্রচারণা শুরুর ব্যবস্থা করবে। ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা'কে বিশ্বের গুরুত্বপূর্ণ 'Intangible Cultural Heritage'-এর তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়টিকে গুরুত্ব সহকারে প্রচার করতে হবে। বাংলা নববর্ষের অনুষ্ঠান প্রচারের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), বেসরকারি টেলিভিশন চ্যানেল (সকল) এবং বেসরকারি বেতার (সকল)। |
| ১৩. | ০১ বৈশাখ ১৪২৯ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে বাংলা নববর্ষ উদযাপন। ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা'কে বিশ্বের গুরুত্বপূর্ণ 'Intangible Cultural Heritage'- এর তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়টিকে গুরুত্ব সহকারে উদ্‌যাপন। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| ১৪. | ০১ বৈশাখ ১৪২৯ | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে বাংলা নববর্ষ উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানাদির আয়োজন। ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা'কে বিশ্বের | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |



শেলিমা আক্তার খাতুন
উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব)
আটপাড়া, নেত্রকোনা

গ) বাংলা নববর্ষ ১৪২৯ উদ্‌যাপন উপলক্ষ্যে রমনা বটমূলের অনুষ্ঠানসহ ঢাকা শহরে ও দেশের বিভিন্ন স্থানে অনুষ্ঠিতব্য সকল অনুষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা ও অগ্নিনির্বাপন ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে জননিরাপত্তা বিভাগ এবং সুরক্ষা সেবা বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা জারি করা।

ঘ) বাংলা নববর্ষ ১৪২৯ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান/রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসা সেবাকেন্দ্র স্থাপন করার বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা জারি করা।

ঙ) বাংলা নববর্ষ ১৪২৯ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যানের আশেপাশে সুবিধাজনক স্থানে ঢাকা ওয়াসার পক্ষ হতে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

চ) বাংলা নববর্ষ ১৪২৯ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যানের আশেপাশে সুবিধাজনক স্থানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে প্রয়োজনীয় সংখ্যক ভ্রাম্যমান টয়লেট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

ছ) সামাজিক যোগাযোগ মাধ্যমে ও বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে বাংলা নববর্ষ সম্পর্কে অপপ্রচার রোধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি), ধর্ম মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ পুলিশ এবং র‍্যাব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে এবং উপস্থিত ও অনলাইনে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১.৩.২২

কে এম খালিদ এমপি
প্রতিমন্ত্রী

স্মারক নং- ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৭৮.২২.৬১২

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮ / ৩০ মার্চ ২০২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা;
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৮. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
১০. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, রমনা, ঢাকা;
১১. সিনিয়র সচিব/ সচিব ........................................................;
১২. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৫. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৬. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৭. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৯. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা;
২০. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;